

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য:

নির্দেশনা প্রদানের স্থান ও তারিখঃ ঠাকুরগাঁও জেলা সফরকালে প্রদত্ত প্রতিশ্রুতি (২৯ মার্চ, ২০১৮)

প্রতিবেদন প্রস্তুতের তারিখঃ ১০.১১.২০২০ খ্রিঃ

ক্রম	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য
১.	ঠাকুরগাঁও জেলায় কর্মজীবী মহিলা হোস্টেল স্থাপনা।	<p>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বীকৃত মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত "জেলা পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৬টি জেলা যথা- (গোপালগঞ্জ, দিনাজপুর, নড়াইল, ঠাকুরগাঁও, খুলনা ও ময়মনসিংহ) জেলায় কমপ্লেক্স নির্মাণ করা হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স ভবনে ৭০ আসন বিশিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেলের সংস্থান রয়েছে। প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে মন্ত্রণালয় হতে ভবন সমূহ ৬ তলা ভিতের পরিবর্তে ১০ তলা ভিত বিশিষ্ট ভবন নির্মাণের নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করে।</p> <p>সে মোতাবেক ১০ তলা ভিত বিশিষ্ট ১০ তলা ভবন নির্মাণের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরে এবং নির্মাণ ব্যয় প্রাক্কলন প্রণয়ন চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে স্থাপত্য অধিদপ্তর হতে জানা যায়।</p>